

এই কার্ড যার কাছে আছে তার অটিস্ম (অ্যাসপার্জার উপসর্গ সমেত) আছে  
ন্যাশনাল অটিস্ম সোসাইটি এই কার্ড প্রকাশিত করেছে। এতে জানানো  
হয়েছে অটিস্মে আক্রান্ত ব্যক্তির সঙ্গে দেখা হলে আপনি কি প্রত্যাশা করতে  
পারেন।

অটিস্মের সমস্যার সামাজিক ও সংযোগ স্থাপন ক্ষমতা ব্যাহত হয়।

অটিস্মের রুগীর যেহেতু সামাজিক পরিস্থিতি ও ভাষা বুঝতে অসুবিধা হয়  
তাই তারা অপ্রত্যাশিত ব্যবহার করতে পারে।

সহনশীলতা ও সহানুভূতি দেখিয়ে সাহায্য করুন।

অটিস্মের ব্যক্তির সামাজিক মেলামেশা, কথোপকথন ও ধ্যানধারণা বুঝতে  
অসুবিধা হয় এবং এর মধ্যে কয়েকটা বৈশিষ্ট্য দেখা যেতে পারে :

#### সামাজিক মেলামেশা

- বিচ্ছিন্ন মনে হয়, অন্যের প্রতি সহানুভূতিহীন মনে হয়।
- অঙ্গভঙ্গি বুঝতে পারে না বা অন্যের মন বুঝার প্রয়োজন উপলব্ধি  
করে না।
- অনুপযুক্ত বা অদ্ভুত আচরণ করে।
- উদ্ভিগ্ন হলে বা চাপ অনুভব করলে চোখে চোখ রেখে তাকায় না।
- শারীরিক স্পর্শ অপছন্দ করে।

#### সংযোগ স্থাপন (কথোপকথন)

- গলার স্বরভঙ্গি, কথা বলার ভঙ্গি বা অভিব্যক্তি যেমন বিরক্তি প্রকাশ বা  
আনন্দ প্রকাশ ভঙ্গি নাও বুঝতে পারে।
- রূপক ও উপমার আক্ষরিক অর্থ বোঝে (তাই 'মাথায় ছিট' বলতে  
আক্ষরিকভাবে ছিট বা ছাপা বোঝে)।
- কথোপকথনে অসুবিধা হয়।
- তর্কবাগিশ, জেদি বা রাগী ...
- ... অথবা মিথ্যা হলেও সবচেয়েই সম্মতি আছে বলে মনে হয়।
- আনুষ্ঠানিক বাগাড়ম্বর পূর্ণ বা পুথিগত ভাষা ব্যবহার করতে পারে।
- অমনোযোগী বা প্রতিক্রিয়াশূণ্য মনে হতে পারে।
- রূঢ় অথবা কাঠখোঁটা রকমের স্পষ্ট বক্তা হতে পারে।

#### কল্পনাশক্তি

- তাদের কাজের কি পরিমাণ হতে পারে তা বুঝতে পারে না।
- রূটিনে পরিবর্তন হলে বা অপ্রত্যাশিত ঘটনায় খুব উদ্ভিগ্ন হয়ে ওঠে।
- বাঁধাধরা নিয়ম পছন্দ করে, কেউ সেই নিয়ম ভাঙ্গলে চরম প্রতিক্রিয়া  
দেখায়।
- প্রায়ই বিশেষ বিষয়ে আগ্রহ থাকে যা বন্ধ সংস্কার হয়ে উঠতে পারে।
- অন্যের ভাবনাধারা ও মতামত বুঝতে বা উপলব্ধি করতে অসুবিধা হয়।

যদি মনে হয় কেউ অটিস্মে আক্রান্ত তাহলে কি করতে হবে

অটিস্মের ব্যক্তি হয়ত স্পষ্ট ও ভালোভাবে কথা বলবে তবে সম্পূর্ণ  
ব্যাপারটা বোঝে না। বাইরে থেকে তাদের স্বাধীন স্বতন্ত্র মনোভাবাপন্ন মনে  
হলেও তা তাদের একাধিত্ব ও সামাজিক অক্ষমতা লুকিয়ে রাখে।

অটিস্মের ব্যক্তির সঙ্গে কথা বলতে গিয়ে :

- প্রথমে বুঝিয়ে দিন, আপনি কি করতে চলেছেন, তারা যেন ব্যাপারটা  
ভালোমত বুঝে নেয়।
- ছোট বাক্য, স্পষ্ট সরল ভাষায় কথা বলুন।
- বিশেষ, ও স্পষ্ট সোজা প্রশ্ন করুন।
- উপমা, শ্লেষ বা ব্যঙ্গোক্তি করবেন না।
- আপনি যা বলেছেন সে বুঝতে বা প্রতিক্রিয়া দেখাতে তাকে একটু বেশী  
সময় দিন।
- মনে রাখবেন, সে যদি আপনার দিকে সরাসরি না তাকায় তার মানে  
অসম্মান বা অনীহা নয়।

আইনী ও অপরাধ সংক্রান্ত বিচার ব্যবস্থার সঙ্গে যুক্ত পেশাদার ব্যক্তিদের  
জন্য জরুরী নোট

অটিস্মের ব্যক্তি অপরাধী হলে, অপরাধের শিকার অথবা সাক্ষী হলে সে  
অত্যন্ত অসহায়বোধ করে। কথাবার্তা বলা, সামাজিক আদানপ্রদান ও  
ধ্যানধারণায় তাদের অসুবিধার ফলে তাদের কাজও আচরণ সম্বন্ধে ভুল  
ধারণা হতে পারে। তাদের মঙ্গলের জন্য উপযুক্ত প্রাপ্তবয়স্কের সাহায্যে  
নেওয়া প্রয়োজন।

ওয়ার্ল্ড হেলথ অর্গ্যানাইজেশন ইন্টারন্যাশনাল ক্লাসিফিকেশন অফ  
ডিজিসেস, ICD10 এ অটিস্ম এবং অ্যাসপার্জার সিনড্রোম মানসিক ও  
আচরণগত সমস্যা হিসাবে চিহ্নিত। তাই মেন্টাল হেলথ অ্যাক্ট 1983  
প্রযোজ্য হতে পারে। যদি আপনার মনে হয় আপনার আটকবন্দী/মক্কেল/  
প্রতিবাদীর অটিস্ম আছে, অটিস্ম বা অ্যাসপার্জার সিনড্রোম নিয়ে কাজ  
করছেন এমন কোনো বিশেষজ্ঞ মনস্তত্ত্ব বিদ্যা সংক্রান্ত পরিষেবার সাহায্য  
নিলে তাদের স্বার্থরক্ষা ও ন্যায়বিচার সহজতর হবে।

অটিস্ম হেল্পলাইন, 0845 070 4004 (সোমবার - শুক্রবার সকাল 10 টা  
থেকে বিকেল 4টা খোলা) এই বিষয়ে বিশেষজ্ঞদের তালিকা পাওয়া যায়।  
এছাড়া ন্যাশনাল অটিস্ম সোসাইটির ওয়েবসাইট  
[www.autism.org.uk/cjp](http://www.autism.org.uk/cjp)-এ অপরাধ সংক্রান্ত বিচার ব্যবস্থার  
পেশাদারদের বিভাগটি দেখুন।

#### আরো তথ্যের জন্য

অটিস্ম হেল্পলাইন 0845 070 4004 -এ যোগাযোগ করুন (খোলা থাকে  
সোমবার থেকে শুক্রবার সকাল 10 টা থেকে বিকাল 4 টা পর্যন্ত)।

[www.autism.org.uk](http://www.autism.org.uk)

এই কার্ডের বিষয়ে আরো তথ্যের জন্য, এই পত্রিকার অন্যান্য ভাষানুবাদের  
জন্য [www.autism.org.uk/card](http://www.autism.org.uk/card) দেখুন।



The National  
Autistic Society

© ন্যাশনাল অটিস্ম সোসাইটি 2005  
অনুমতি ব্যতীত পুনঃ প্রকাশ নিষেধ

The National Autistic Society  
393 City Road, London EC1V 1NG  
রেজিস্ট্রিকৃত দাতব্য সংখ্যা 269425